

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জকিগঞ্জ, সিলেট

প্রকৃতি কন্যা সিলেট

নম্বর ০৫.৪৬.৯১৯৪.০০০.০৪.০০৫.১৫.১৬৮২

তারিখ ১১ অগ্রহায়ণ ১৪২৬

২৬ নভেম্বর ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয়: ২ নং বীরশ্রী ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডে মহল্লাদার পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ সংক্রান্ত।

জকিগঞ্জ উপজেলার ০২ নং বীরশ্রী ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্তে নিম্নোক্ত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	শারীরিক মাপ
০১	মহল্লাদার	০১	কোন শিক্ষা প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী অথবা কোন স্বীকৃত শিক্ষা বোর্ড জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ	পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা-৫ ফুট ২ ইঞ্চি বুকের মাপ: স্বাভাবিক ৩০ ইঞ্চি সম্প্রসারণ: ৩২ ইঞ্চি মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা-৫ ফুট বুকের মাপ: স্বাভাবিক ২৮ ইঞ্চি সম্প্রসারণ: ৩০ ইঞ্চি

০১। প্রার্থীকে অবশ্যই ০২ নং বীরশ্রী ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স (৩১/১২/২০১৯ খ্রি: তারিখে ১৮ বৎসর পূর্ণ হতে হবে) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে আবেদন লিখতে হবে।

০৩। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

(ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদের কপি।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মুক্তিযোদ্ধা সনদের অনুলিপি ও মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক প্রমাণক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(চ) বিধি মোতাবেক অন্যান্য কোটা সংরক্ষণ করা হবে।

(ছ) প্রার্থীর বয়স ৩১/১২/২০১৯ খ্রি: তারিখে ১৮ হতে ৩০ বৎসর হতে হবে।

৪। আবেদন আগামী ৩১/১২/২০১৯ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি বা ডাকযোগে পৌছাতে হবে।

০৫। ত্রুটি ও অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। আবেদন গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

০৮। কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। নিয়োগ কার্যক্রম বাতিল বা স্থগিত সংক্রান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।